

3 (Sem-4/CBCS) BEN SE

2 0 2 2

BENGALI

Paper : BEN-SE-4014

(প্রক্রিয়াশন)

(Skill Enhancement Course)

Full Marks : 50

Time : 2 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : $1 \times 8 = 8$

- (ক) হাতে লেখা বা কম্প্যুটারে টাইপ করা যেসব পাণ্ডুলিপি
প্রেসে পাঠানো হয়, ছাপাখানার জগতে তার চলতি
নাম কী?
- (খ) গ্যালিটে অক্ষর সাজানোর কাজটা যিনি করেন তাকে কী
বলে?
- (গ) একটি প্রফের প্রতিটি পংক্তির প্রস্থকে কী বলে?
- (ঘ) প্রফের মার্জিনে সংশোধনী নির্দেশিকা দেবার আগে বা
পরে কোন চিহ্ন বসিয়ে দিতে হয়?
- (ঙ) প্রফে কোনো একটি অক্ষর বা বাক্যাংশ জুড়তে হলে
জায়গাটিকে চিহ্নিত করতে কোন চিহ্ন বসাতে হবে?

(2)

- (চ) মোটা হরফে (bold) কম্পিউজ করার নির্দেশ দিতে নির্দিষ্ট অক্ষরের নিচে কোন চিহ্ন দিতে হবে ?
- (ছ) একটি উর্ধ্বক্ষণ বসাতে হলে মার্জিনে কীভাবে স্টেট দেখাতে হবে ?
- (জ) একটি অনুচ্ছেদের alignment পাতাটির মাঝখানে হবে, একথা বোঝাতে মার্জিনে নির্দেশিকা হিসাবে কোন চিহ্ন বসবে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো ভিনটি) : $2 \times 3 = 6$

- (ক) সিসার অক্ষর ব্যবহার করে ম্যাটার তৈরি করা হতো এমন দুটি ছাপাযন্ত্রের নাম লেখো ।
- (খ) হরফের মূল দুটি শ্রেণির নাম লেখো ।
- (গ) প্রফ সংশোধনের দ্বিতীয় ও তৃতীয় স্তরে কারা থাকেন ?
- (ঘ) প্রফ সংশোধনের সময় প্রেসে পাণুলিপি পড়া ও স্টেশনে সংশোধনের কাজটি কে কে করেন ?
- (ঙ) বড়ো হাতের হরফ (capital letter) এবং ছোটো মাপের বড়ো হাতের হরফ (small letter) বোঝাতে প্রফের মার্জিনে কোন দুটি চিহ্ন বসাতে হয় ?
- (চ) হরফের মাপের সঙ্গে ইউনিটের সম্পর্ক কোন শব্দ দিয়ে নির্দেশ করা হয় ? হরফের আকার বোঝাতে কোন শব্দ ব্যবহৃত হয় ?

(3)

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

- (ক) হরফের বৈচিত্র্য সম্পর্কে যা জানো লেখো ।
- (খ) কম্পিউজিট এবং অপারেটরের মধ্যে মিল ও অমিল কী কী, লেখো ।
- (গ) পাণুলিপি এবং প্রফে কী কী কারণে ত্রুটি দেখা দেয় তা বর্ণনা করো ।
- (ঘ) Indian Standard Institute নির্ধারিত প্রফ সংশোধনের প্রকারভেদগুলোর পরিচয় দাও ।
- (ঙ) পয়েন্ট, মেজার সম্বন্ধে যা জানো লেখো ।
- (চ) ঢীকা লেখো :

হট কম্পিউজিশন অথবা কোল্ড কম্পিউজিশন

৪। যে কোনো ভিনটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 3 = 30$

- (ক) প্রফ কাকে বলে ? প্রফ কত প্রকার ও কী কী ? প্রত্যেক প্রকারের পরিচয় দাও । $2+3+5=10$
- (খ) গ্যালি কী ? গ্যালি প্রফ কাকে বলে ? গ্যালি প্রফ কীভাবে তৈরি হতো, লেখো । $2+3+5=10$
- (গ) প্রফ সংশোধনের স্তরগুলো উল্লেখ করে যে কোনো দুটি স্তরের কার্যপ্রণালীর বিষয়ে আলোচনা করো ।
- (ঘ) প্রফ সংশোধনের অন্তর্ভুক্ত ত্রুটিগুলোকে কয়টি বিভাগে বিন্যস্ত করা যায় ? যে কোনো দুটি বিভাগের সংশোধনযোগ্য ত্রুটির প্রকার সম্বন্ধে আলোচনা করো । $8+6=14$

22A/1233

(Turn Over)

(ঙ) সংশোধনী নির্দেশিকা কাকে বলে? ন্যূনতম আটটি উদাহরণ দিয়ে একটি প্রফের মার্জিনে সংশোধনী ছান্টলো কীভাবে দেওয়া হয়, দেখাও। $2+8=10$

(চ) ফাঁক (spacing) সম্পর্কীত সংশোধনী নির্দেশনা কোনগুলো তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(ছ) নিম্নলিখিত মূল পাণ্ডুলিপি অবলম্বনে অসংশোধিত প্রফটির ক্রটিপূর্ণ অংশগুলো উপযুক্ত নির্দেশিকা চিহ্নসহ উল্লেখ করো :

মূল পাণ্ডুলিপি :

এখনো তো বড়ো হইনি আমি,
ছেটো আছি ছেলেমানুষ বলে।
দাদার চেয়ে অনেক মন্ত হব
বড়ো হয়ে বাবার মতো হলে।
দাদা তখন পড়তে যদি না চায়,
পাখির ছানা পোষে কেবল খাঁচায়,
তখন তারে এমনি বকে দেব!
বলব, ‘তুমি চুপটি করে পড়ো।’

অসংশোধিত প্রফ :

এখনোতো বড়ো হইনি আমি
ছেটো আছি ছেলেমানুষ বলে।
দাদার চেয়ে অনেক মন্ত হব
বড়ো হয়ে বাবার মতো হয়ে।
পাখির ছানা পো ষে কেবল খাঁচাই,
তখন তারে এমনি বকে দেবো!
বলব, তুমি চুপটি করে পড়ো।’

[অসংশোধিত প্রফটি হ্বহ খাতায় লিখে ক্রটির ছানগুলো নির্দেশ করো ও মার্জিনে উপযুক্ত সংশোধনী চিহ্ন দাও]

(জ) নিম্নলিখিত মূল পাণ্ডুলিপি অবলম্বনে অসংশোধিত প্রফের ক্রটিপূর্ণ অংশগুলো উপযুক্ত নির্দেশিকা চিহ্নসহ উল্লেখ করো :

মূল পাণ্ডুলিপি :

প্রায় পঁচিশ বৎসর আগে রাজশাহী জেলার পাহাড়পুর গ্রামে এক বিরাট ধৰ্মসন্তুপ উল্লোচন করিয়া একটি বিপুলকায় মন্দিরের ধৰ্মসাবশেষ আবিষ্কৃত হইয়াছে। চারিদিকে কক্ষসারি লইয়া সুবিস্তৃত বিহারের ধৰ্মসাবশেষ, তাহারই সম্মুখে বিস্তৃত প্রাঙ্গণের কেন্দ্ৰস্থলে মন্দিরের ধৰ্মসাবশেষ।

অসংশোধিত প্রফ :

প্রায় পঁচিশ বৎসর আগে রাজ শাহী জেলার পাহাড়পুর গ্রামে কএ বিরাট ধৰ্মসন্তুপ উল্লোচন করিয়া একটি বিপুলকায় মন্দিরে ধৰ্মসাবশেষ আবিষ্কৃত হইয়াছে। চারিদিকে কক্ষকক্ষসারি লইয়া সুবিস্তৃত বিহারের ধৰ্মসাবশেষ তাহারই সম্মুখে প্রাঙ্গণের কেন্দ্ৰস্থলে মন্দিরের ধৰ্মসাবশেষ।

[অসংশোধিত প্রফটি হ্বহ খাতায় লিখে ক্রটির ছানগুলো নির্দেশ করো ও মার্জিনে উপযুক্ত সংশোধনী চিহ্ন দাও]

★ ★ ★

৩